গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**লাইসেন্স নং-০৩/২০২৫**

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩২ / ২৩ জুলাই ২০২৫

**কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স**

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, কতিপয় ব্যক্তি বা ব্যক্তিশ্রেণী "BCS Health Cadre Association" এর নামে সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণীর প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্রিত হতে যাচ্ছে এবং

যেহেতু, উক্ত সংগঠনের অর্জিত লাভ এবং অন্যান্য আয় কেবল এ সংগঠনের উন্নতি সাধনকল্পে ব্যয়িত হবে এবং এর সদস্যগণের মধ্যে উক্ত লাভ/লভ্যাংশ হিসেবে বণ্টন করা হবে না;

সেহেতু, কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা অনুসারে সরকার সন্তুষ্ট হয়ে "BCS Health Cadre Association" সংগঠনটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করল:

(ক) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা এবং এর আওতাধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে "লিমিটেড" শব্দ ব্যবহার না করে নিবন্ধিকরণ করতে হবে;

(খ) সরকার কর্তৃক সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষণ করে এবং সরকার কর্তৃক অনুরূপ কোন নির্দেশনা প্রদান করা হলে সংগঠনটি এর সংঘস্মারক/সংঘবিধিতে প্রয়োজনীয় সংশোধন করতে বাধ্য থাকবে;

(গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত দু'টি ছাপানো সংঘস্মারক/সংঘবিধির কপি এবং নিবন্ধন প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি পরিচালক, বাণিজ্য সংগঠন-এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এসঙ্গে সংযুক্ত);

(ঘ) সময় সময় সরকার কর্তৃক সংগঠন সংক্রান্ত আরোপিত শর্তাদি ও বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে এবং এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক/সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;

(ঙ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(চ) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহবান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;

(ছ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;

(জ) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর কোন বিধান এবং উপরে বর্ণিত ও সংঘস্মারক/সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স অচল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু'হাজার পঁচিশ সনের জুলাই মাসের ২৩ (তেইশ) তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।

২৩/০৭/২০২৫
(মুহাম্মদ রেহান উদ্দিন)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাণিজ্য সংগঠন অনুবিভাগ

CamScanner